তারিখ 27 JUN 2016
পৃষ্ঠা ১৩ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# মিঠাপুকুরে উপবৃত্তির টাকা পাচ্ছে না ১১ হাজার শিক্ষার্থী

■ মিঠাপুকুর (রংপুর) সংবাদদাতা

রংপুরের মিঠাপুকুরে একবছর ধরে উপবৃত্তির টাকা উত্তোলন করতে পারছে না ১১ হাজার শিক্ষার্থী। মোবাইল ফোনে ব্যাংক একাউন্ট খোলা নিয়ে জটিলতা এবং প্রতিষ্ঠানগুলোর প্রধান শিক্ষক ও অধ্যক্ষের সমন্বয়হীনতায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

জানা গেছে, উপজেলায় মাধ্যমিক পর্যায়ে ৮ হাজার ৮শ' ৯৯, উচ্চ মাধ্যমিকে ৮শ' ৯৮ ও স্নাতক পর্যায়ের ১ হাজার ৫শ' জন শিক্ষার্থীর নামের তালিকা প্রস্তুত করে এ তালিকা মন্ত্রণালয়ে পাঠানো হলেও এক বছর ধরে উপবৃত্তির টাকা পাচ্ছে না শিক্ষার্থীরা। উপজেলা শিক্ষা কর্মকর্তা জাহিদুল ইসলাম বলেন, সরকারের নতুন নিয়মানুযায়ী উপবৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নামে নিজস্ব ব্যাংক একাউন্ট খুলতে হবে। আর এই একাউন্ট খোলার দায়িত্ব পায় ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং। বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানে ওই ব্যাংকিংয়ের লোকজনেরা দায়িত্বশীলতার সঙ্গে কাজটি সম্পন্ন করেননি। এর ফলে সৃষ্টি হয়েছে নানা জটিলতা। এছাড়া অনেক শিক্ষার্থী ব্যাংক একাউন্ট খুলে মোবাইলের সিমটি অকেজো করে রেখেছে। আবার অনেকে ব্যাংক একাউন্ট খুললেও প্রতিষ্ঠান প্রধানেরা নিজেদের ইচ্ছেমত শিক্ষার্থীদের নাম অন্তর্ভুক্ত করায় হযবরল অবস্থার সৃষ্টি হয়েছে।

কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে কথা বলে জানা যায়, প্রায় বছর খানেক আগে উপবৃত্তি পাওয়ার জন্য একাউন্ট খুললেও এখন পর্যন্ত কোনো টাকা পাননি। এ বিষয়ে হেনা মেমোরিয়াল মহিলা মহাবিদ্যালয়ে অধ্যক্ষ খাজানুর রহমান বলেন, কি কারণে টাকা দেওয়া হচ্ছে না সেটা মন্ত্রণালয় কিংবা কোনো সূত্র থেকে জানা যায়নি। তিনি সংশয় ব্যক্ত করে বলেন, কলেজ খুললেই এ বিষয়টি নিয়ে শিক্ষার্থীদের চাপের মুখে পড়তে হতে পারে। তাই যত তাড়াতাড়ি সম্ভব উপবৃত্তির টাকা প্রদানের দাবি জানান তিনি।